

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট আপীল বিভাগ

তারিখঃ ২৫/০২/২০২৬খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

গতকাল (২৪ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.) দুপুরে বরিশাল অতিরিক্ত চীফ মেট্রোপলিটন আদালতে এজলাস চলাকালে এক অনাকাঙ্ক্ষিত ও অনভিপ্রেত ঘটনার সৃষ্টি হয়। একদল আইনজীবী আদালতক্ষেত্রে হট্টগোল ও বিশৃঙ্খল আচরণে লিপ্ত হন এবং দায়িত্বরত বিচারকের প্রতি অসদাচরণ করেন।

ঘটনার ভিডিও ফুটেজে দেখা যায়, আদালতের ভেতরে বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্র ভাঙচুর করা হয় এবং বিচারকের প্রতি আক্রমণাত্মক আচরণ করা হয়। উদ্ভূত প্রতিকূল পরিবেশের কারণে অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এজলাস মূলতবি করে খাসকামরায় চলে যান। এর ফলে আদালতের স্বাভাবিক বিচারকার্য মারাত্মকভাবে বিঘ্নিত হয়। এছাড়া, সংশ্লিষ্ট আইনজীবীরা বিচারকের অপসারণের দাবিতে আদালতের অভ্যন্তরে ও বাইরে বিক্ষোভ সমাবেশ করেন।

উল্লেখিত ঘটনাটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের একটি দ্বৈত বেঞ্চ আজ (২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.) আদালত অবমাননার রুল জারি করেছেন। অন্যদিকে, অতিরিক্ত চীফ মেট্রোপলিটন আদালত, বরিশাল এর বেঞ্চ সহকারী এজহারকারী হিসেবে আইনশৃঙ্খলা রক্ষাকারী অপরাধ (দ্রুত বিচার) আইন ২০০২ এর ৪ ও ৫ ধারা এবং The Penal Code, 1860 এর ১৮৬, ১৮৯, ১৯০, ২২৮, ও ৩৫৩ ধারায় মামলা দায়ের করেছেন। তাছাড়া, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে এ বিষয়ে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়েছে।

বিচার বিভাগের মর্যাদা ও স্বাধীনতা রক্ষা এবং আদালতের স্বাভাবিক কার্যক্রম নির্বিঘ্ন রাখতে সংশ্লিষ্ট সকলকে সংযম, দায়িত্বশীলতা ও আইনের প্রতি শ্রদ্ধাশীল আচরণ প্রদর্শনের আহ্বান জানানো হচ্ছে।

  
(মোঃ শাফিকুল ইসলাম)  
গণসংযোগ কর্মকর্তা  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
আপীল বিভাগ, ঢাকা।

Mobile No.: 01303279170, e-mail: scad@supremecourt.gov.bd, scad.pro23@gmail.com